দৈনিক সংবাদ

তারিখ ... 18 JUN 1998 ..
পৃষ্ঠা ২ কলাম ৮

41

# শাকসুর সংখ্যাগরিষ্ঠ আসনে ছাত্রদলের প্রার্থীরা জয়ী

(নিজস্ব বার্তা পরিবেশক)

সিলেট ঃ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (শাকসু) নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল সহ-সভাপতি, সাধারণ সম্পাদক ও সহ-সাধারণ সম্পাদক পদসহ সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয় অর্জন করেছে।

গত মঙ্গলবার শান্তিপূর্ণ পরিবেশে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে অংশ নেয় ছাত্রলীগ (শা-পা) ও ছাত্রদল। বর্জন করে ইসলামী ছাত্র শিবির, ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্রদল। গতকাল বুধবার ফলাফল ঘোষণা করা হয়।

শাকসুর ১৯টি পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। এর মধ্যে ছাত্রদল পায় ১৩টি। সহ-সভাপতি, সাধারণ সম্পাদক ও সহ-সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছে যথাক্রমে কামরুল আহমদ, কবিরী আবদুল্লাহ আল-মামুন ও আবুল হাসনাত দোলন। ছাত্রলীগ প্রার্থীরা ৬টি পদে বিজয়ী হয়েছে।

একই সাথে অনুষ্ঠিত শাহপরান হল সংসদ নির্বাচনে ছাত্রলীগ সহ-সভাপতি ও সহ-সাধারণ সম্পাদকসহ ৭টি ও ছাত্রদল সাধারণ সম্পাদকসহ ৬টি পদ লাভ করেছে।

শাকসু নির্বাচন ছাত্রশিবির প্রকাশ্যে বর্জনের ঘোষণা দিলেও গোপনে ছাত্রদল প্রার্থীদেরকে ভোট দেয় বলে ধারণা করা হচ্ছে।